

**বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. মোঃ হুমায়ুন কবীর  
সচিব, রেলপথ মন্ত্রণালয়  
তারিখ ও সময় : ৩০ জানুয়ারি ২০২৪, সকাল ১১:০০ টা  
স্থান : রেলভবনস্থ ২য় তলা (কক্ষ নং-২১১)  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অডিট ও আইসিটি) ও চিফ ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার কার্যক্রম নং-১.১ অনুসারে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম ০১ (এক) টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। এর প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা বাছাইকরণের নিমিত্ত গত ১১ ডিসেম্বর ২০২৩ তারিখে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৪ (চার) টি ধারণা প্রাথমিকভাবে বাছাই করা হয় এবং চূড়ান্তভাবে এক বা একাধিক ধারণা বাছাইকরণ ও বাস্তবায়নের নিমিত্ত এ সভার আয়োজন করা হয়েছে।

০২। সভাপতি প্রাথমিকভাবে বাছাইকৃত ০৪ (চার) টি উদ্ভাবনী ধারণা উপস্থাপনের জন্য উদ্ভাবকগণকে অনুরোধ করেন। অতঃপর উদ্ভাবকগণ তাদের উদ্ভাবনী ধারণা সভায় উপস্থাপন করেন এবং উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নে সম্ভাব্য বাজেট সম্পর্কে ধারণা প্রদান করেন। সভাপতি উদ্ভাবকগণকে তাদের সুন্দর উপস্থাপনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। সভায় উপস্থাপিত উদ্ভাবনী ধারণাসমূহ পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।


**(ক) সভায় উপস্থাপিত নিম্নবর্ণিত ০৩ (তিন) টি উদ্ভাবনী ধারণা ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

ক্রঃ নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবকের নাম
০১।	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহৃত হাইলসেট গাইড ঘন ঘন ভাঙ্গন এর কারণ ও এর প্রতিকার উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০২।	লালমনিরহাট বিভাগের কোচগুলোর চাকা ক্ষয়রোধে স্বল্প খরচে টার্নটেবিল জাতীয় স্থাপনা উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০৩।	ব্রডগেজ বিএফআর ওয়াগন রূপান্তর করে তাতে মিটারগেজ এবিসি কাপলার স্থাপন	জনাব মুহাম্মদ কুদরত-ই-খুদা প্রধান যন্ত্র প্রকৌশলী (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী

**(খ) বাছাইকৃত উদ্ভাবনী ধারণাসমূহ আগামী এপ্রিল/২০২৪ এর মধ্যে উদ্ভাবকগণ বাস্তবায়ন করবেন;**

**(গ) উদ্ভাবনী বাস্তবায়ন সংক্রান্ত ব্যয় রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের উদ্ভাবন খাতে বরাদ্দকৃত বাজেট হতে নির্বাহ করতে হবে।**

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
০৫/০১/২০২৪  
(ড. মোঃ হুমায়ুন কবীর)  
সচিব  
রেলপথ মন্ত্রণালয়